

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-১০, ঢাকা।
৪০, সেগুনবাগিচা, ঢাকা
www.taxeszone10.dhaka.gov.bd

নথি নং- ০৮.০১.০০৮৫.০০১.২৭.১০৩.১২

তারিখ : ১০ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, মিঃ উম্মে আকলিমা, প্রধান সহকারী, আয়কর সার্কেল-২০২, কর অঞ্চল-১০, ঢাকা এর বিরুদ্ধে করদাতা জনাব ডাঃ আবু সাঈদ মোহাম্মদ ইকবালের এর দাখিলকৃত ৭৫.৫ লক্ষ টাকা আত্মসাৎ ও প্রতারণার সুনির্দিষ্ট অভিযোগ স্থানীয়ভাবে তদন্ত করে এবং হোয়াটসঅ্যাপ মেসেজ, ভিডিও ক্লিপ যাচাই করে প্রাথমিকভাবে সত্যতা পাওয়া যায় এবং যেহেতু মিঃ উম্মে আকলিমা, প্রধান সহকারী, আয়কর সার্কেল-২০২, কর অঞ্চল-১০, ঢাকা এর বিরুদ্ধে সার্কেল কর্মকর্তাগণের স্বাক্ষর জালিয়াতির মাধ্যমে করদাতাকে ভুল তথ্য প্রদানের সত্যতা পাওয়া যায়, সেহেতু তার বিরুদ্ধে দুর্নীতি ও অসদাচরণের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও বিধি ৩(ঘ) অনুযায়ী তদন্তপূর্বক বিভাগীয় কার্যধারা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে;

২। যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১)) অনুযায়ী কর্তৃপক্ষ তাকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করে

০৩। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী মিঃ উম্মে আকলিমা, প্রধান সহকারী, আয়কর সার্কেল-২০২, কর অঞ্চল-১০, ঢাকা কে সরকারি চাকরি হইতে সাময়িক বরখাস্ত করা হইল।

০৪। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হইবেন।

০৫। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিতঃ ২৫-০৮-২০২৬খ্রি.
(এস এম আবুল কালাম আজাদ)
কর কমিশনার
কর অঞ্চল-১০ ঢাকা।
ফোনঃ- ০২- ৪৮৩১০৮২১

নথি নং- ০৮.০১.০০৮৫.০০১.২৭.১০৩.১২.২৫৫(১-৭)

তারিখ : ১০ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৩। পরিদর্শী অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১,২,৩ ও ৪, কর অঞ্চল-১০, ঢাকা।
- ৪। উপ-কর কমিশনার, কর সার্কেল-২০২, কর অঞ্চল-১০, ঢাকা।
- ৫। সংশ্লিষ্ট কর্মচারী.....
- ৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। অফিস কপি।


(এস এম আবুল কালাম আজাদ)
কর কমিশনার
কর অঞ্চল-১০ ঢাকা।
ফোনঃ- ০২- ৪৮৩১০৮২১